



## সরকার গঠনের পর পে-স্কেল সময়মতো বাস্তবায়ন করবেন তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়ী হলে সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের জন্য যথাসময়ে পে-স্কেল বাস্তবায়ন করা হবে। সোমবার (৯ ফেব্রুয়ারি) বাংলাদেশ টেলিভিশনে দেওয়া ভাষণে তিনি এই প্রতিশ্রুতি দিয়েছেন।

তারেক রহমান আরও জানান, প্রতিটি সেक्टर ও পেশার মানুষের কল্যাণকে লক্ষ্য রেখে একটি স্বনির্ভর বাংলাদেশ গঠনের জন্য বিএনপির পরিকল্পনা সাজানো হয়েছে। ভাষণে তিনি বিএনপির ঘোষিত ফ্যামিলি কার্ড এবং কৃষক কার্ডের সুবিধার কথাও তুলে ধরেন। প্রতিটি পরিবারের জন্য ফ্যামিলি কার্ড ইস্যু করা হবে, যার মাধ্যমে প্রথম পর্যায়ে অর্থনৈতিকভাবে পিছিয়ে থাকা ও নিম্ন আয়ের পরিবারকে মাসিক আড়াই হাজার টাকা বা সমমূল্যের নিত্যপ্রয়োজনীয় খাদ্য সহায়তা দেওয়া হবে।

তারেক রহমান বলেন, শিক্ষিত তরুণদের জন্য সরকার গঠনের পর ছয় মাস থেকে এক বছর পর্যন্ত কর্মসংস্থান না হওয়া পর্যন্ত—বিশেষ আর্থিক ভাতা প্রদানের পরিকল্পনা রয়েছে। বেকার সমস্যা মোকাবিলায় তিনি জানান, ব্যাংক, বীমা, পুঁজিবাজারসহ অর্থনৈতিক খাতের সংস্কার, অঞ্চলভিত্তিক উন্নয়ন এবং শিল্প ও বাণিজ্যে দেশি-বিদেশি বিনিয়োগ বৃদ্ধি করে এক কোটি কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

নাগরিকদের দরজায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে এক লাখ ‘হেলথ কেয়ার’ কর্মী নিয়োগের কথাও জানিয়েছেন বিএনপি চেয়ারম্যান। এদের মধ্যে ৮০ শতাংশ নারী হবে।

তারেক রহমান মন্তব্য করেন, ফ্যাসিবাদী সরকারের সময়ে বছরে ১৬ বিলিয়ন ডলার পাচার হয়েছে। এই রুদ্ধ পথে অর্থনীতি চালানো সম্ভব হলে কৃষক কার্ডসহ অন্যান্য খাতে অর্থায়ন করা কঠিন নয়।